ছেলে হোক, মেয়ে হোক
দু'টি সন্তানই যথেষ্ট

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিবার পরিকল্পনা অধিদপ্তর
আইইএম ইউনিট
০৬, কাওরান বাজার, ঢাকা-১২১৫।
www.dgfp.gov.bd

## পরিবার কল্যাণ সেবা ও প্রচার সপ্তাহ উদ্‌যাপন উপলক্ষ্যে অনুষ্ঠিত সমন্বয় সভার কার্যবিবরণী

সভাপতি ঃ সাহান আরা বানু, এনডিসি
মহাপরিচালক (গ্রেড-১), পরিবার পরিকল্পনা অধিদপ্তর।

তারিখ ও সময়ঃ ০১/১২/২০২০ খ্রি. সকাল ১১:০০ টা।
ভার্চুয়াল সভা, আইইএম ইউনিট, পরিবার পরিকল্পনা অধিদপ্তর।

উপস্থিতিঃ পরিশিষ্ট 'ক' দ্রষ্টব্য।

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। পরিচিতি পর্ব শেষে পরিবার পরিকল্পনা অধিদপ্তরের আইইএম ইউনিটের পরিচলক জনাব ড. আশরাফুন্নেছা স্বাগত বক্তব্য প্রদান করেন। এরপর সভাপতির নির্দেশক্রমে আইইএম ইউনিটের উপপরিচালক (পিএম) জনাব আব্দুল লতিফ মোল্লা সভার কার্যপত্র অনুযায়ী ধারাবাহিকভাবে নিম্নলিখিত বিষয়গুলো উপস্থাপন করেন এবং উন্মুক্ত আলোচনা শেষে সর্বসম্মতিক্রমে নিম্নলিখিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়।

| ক্রঃ নং | বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ১. | দেশব্যপী পরিবার কল্যাণ সেবা ও প্রচার সপ্তাহ সফলভাবে উদ্‌যাপনের কর্মপরিকল্পনা নির্ধারণ। | দেশব্যপী পরিবার কল্যাণ সেবা ও প্রচার সপ্তাহ সফলভাবে উদ্‌যাপনের কর্মপরিকল্পনা নিয়ে বিস্তারিত আলোচনা হয়। | ➢ আগামী **৬-৮ ডিসেম্বর** পরিবার কল্যাণ সেবা ও প্রচার সপ্তাহ-২০২০ উদ্‌যাপন করা হবে। মন্ত্রণালয়ের সিদ্ধান্ত মোতাবেক এবারের সেবা ও প্রচার সপ্তাহ ৬ (ছয়) দিনের পরিবর্তে তিনদিনব্যাপী উদযাপিত হবে।<br>➢ পরিবার কল্যাণ সেবা ও প্রচার সপ্তাহ-২০২০ এর প্রতিপাদ্য-"**করোনাকালে অনাকাঙ্খিত গর্ভধারণ রোধ করি স্বাস্থ্যবিধি মেনে পরিবার পরিকল্পনা সেবা গ্রহণ করি**" এর উপর গুরুত্ব আরোপ করে প্রচারের ব্যবস্থা করতে হবে।<br>➢ কর্মকর্তাগণ নিজেদের উদ্ভাবনী চিন্তা ও উদ্যোগের প্রয়োগের মাধ্যমে পরিবার কল্যাণ সেবা ও প্রচার সপ্তাহ সফলভাবে উদ্‌যাপনের লক্ষ্যে কর্মপরিকল্পনা প্রণয়ন করবেন।<br>➢ সেবা ও প্রচার সপ্তাহের কর্মসূচি অনুযায়ী আইইএম ইউনিট থেকে মাঠপর্যায়ে অর্থাৎ বিভাগ, জেলা ও উপজেলায় বরাদ্দ প্রেরণ করা হবে। এছাড়াও পরিবার কল্যাণ সেবা ও প্রচার সপ্তাহ উদ্‌যাপন উপলক্ষ্যে স্থানীয় সরকার বিভাগ ও এনজিওদের সহায়তার উদ্যোগ গ্রহণ করা যেতে পারে।<br>➢ কেন্দ্রীয়ভাবে মাতৃ ও শিশুস্বাস্থ্য প্রশিক্ষণ কেন্দ্র লালকুঠি, মিরপুর এ উদ্বোধনী অনুষ্ঠানের আয়োজন করা হবে। বিভাগ, জেলা ও উপজেলা পর্যায়ে স্থানীয়ভাবে সুবিধাজনক ভেন্যুতে উদ্বোধনী অনুষ্ঠানের আয়োজন করতে হবে।<br>➢ স্থানীয় জনপ্রতিনিধিদের সম্পৃক্তকরণ ও সমন্বয় বৃদ্ধির উদ্যোগ গ্রহণ করতে হবে ।<br>➢ স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগের সচিব, পরিবার | প্রশাসন/ আইইএম / সিসিএসডি/ এফপিএফএসডি এমসিএইচ/ এমআইএস ইউনিট। |

| ক্রঃ নং | বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| | | | পরিকল্পনা অধিদপ্তরের মহাপরিচালক, পরিচালক (আইইএম) এবং ইউএনএফপিএ'র বাংলাদেশস্থ প্রতিনিধির উপস্থিতিতে বিটিভি ও বেসরকারী টেলিভিশন চ্যানেলে সংলাপ এর আয়োজন করা হবে।<br>➢ সেবা ও প্রচার সপ্তাহের তাৎপর্য তুলে ধরে আইইএম ইউনিটের উদ্যোগে মাননীয় মন্ত্রী/ সচিব মহোদয়ের উপস্থিতিতে প্রেস ব্রিফিং এর আয়োজন করা হবে।<br>➢ সেবা ও প্রচার সপ্তাহ উদ্‌যাপন উপলক্ষে পরিচালক / লাইন ডাইরেক্টর এফপিএফএসডি/সিসিএসডি/ এমসিআরএএইচ ইউনিট মাঠ পর্যায়ে বিশেষ সেবাদান কার্যক্রম পরিচালনার নির্দেশাবলী সম্বলিত পরিপত্র জারী করবেন।<br>➢ লাইন ডাইরেক্টরগণ তাদেঁর ওপির আওতায় পরিচালিত প্রশিক্ষণ কর্মসূচি আগামী ২-৮ ডিসেম্বর পর্যন্ত বন্ধ রাখবেন।<br>➢ এছাড়াও জেলা ও উপজেলা পর্যায়ে আশ্রয়ন, আবাসন, গুচ্ছগ্রাম এবং সিটি কর্পোরেশন এলাকার বস্তির অধিবাসীদের জন্য বিশেষ সেবা প্রদান কার্যক্রম গ্রহণ করতে হবে।<br>➢ পরিবার পরিকল্পনা অধিদপ্তরের এমআইএস ইউনিট একটি মনিটরিং ও তথ্য সংগ্রহ সেল খুলবেন। উক্ত সেল ই-মেইল(dirmisfp@gmail.com)/টেলিফোনের মাধ্যমে নির্দিষ্ট ফরমেট অনুযায়ী মাঠ পর্যায় থেকে প্রতিদিনের তথ্য সংগ্রহ করবেন। উক্ত ফরমেটে বিশেষায়িত হাসপাতাল/সেবাকেন্দ্র থেকে প্রদত্ত সেবাসমূহ অন্তর্ভুক্ত করার সিদ্ধান্ত গৃহীত হয়। জেলা পরিবার পরিকল্পনা অফিস সংশ্লিষ্ট উপজেলার তথ্য সংকলন পূর্বক এমআইএস ইউনিটে প্রেরণ করবে।<br>➢ স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগের পক্ষ থেকে সেবা ও প্রচার সপ্তাহ চলাকালীন কার্যক্রম মনিটরিং করার জন্য একটি মনিটরিং টীম গঠন করা হবে। পরিবার পরিকল্পনা অধিদপ্তর থেকেও অনুরূপ একটি মনিটরিং টীম গঠন করা হবে; মনিটরিং টীমের সদস্যগণ পরিদর্শনকৃত সেবাকেন্দ্র/স্থানের ছবি প্রতিদিন পরিবার পরিকল্পনা অধিদপ্তরের ফেইসবুক পেইজ 'সুখের সোপান' এ আপলোড এবং শেয়ার করবেন।<br>➢ এভি ভ্যান পরিচালনাকারী কর্তৃপক্ষ স্ব-স্ব জোনের আওতাধীন জেলাসমূহে সেবা ও প্রচার সপ্তাহ উপলক্ষে বিশেষ চলচ্চিত্র প্রদর্শনীর সূচি প্রণয়ন করে প্রদর্শনী আয়োজনের ব্যবস্থা নিবেন; সংশ্লিষ্ট জোন ম্যানেজারগণ Roving Team'র মাধ্যমে পরিচালিত ক্যাম্পসমূহের সাথে যুক্ত করে এভি ভ্যানের কর্মসূচি প্রণয়ন করবেন।<br>➢ বাংলাদেশ টেলিভিশন ও বাংলাদেশ বেতার জনসংখ্যা, স্বাস্থ্য ও পুষ্টি সেলের আওতায় সপ্তাহব্যাপী সেবা ও প্রচার সপ্তাহের প্রতিপাদ্যের উপর ভিত্তি করে বিশেষ অনুষ্ঠান প্রচার করবে।<br>➢ পরিবার পরিকল্পনা অধিদপ্তরাধীন কর্মকর্তাগণের সাথে স্বাস্থ্য অধিদপ্তরের কর্মকর্তাগণ সেবা প্রদান নিশ্চিত করার জন্য সম্মিলিতভাবে কাজ করবেন। এ বিষয়ে উভয় | |

| ক্রঃ নং | বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| | | | অধিদপ্তরের মহাপরিচালকের যৌথ স্বাক্ষরে পত্র প্রেরণ করা হবে। | |
| ২. | প্রয়োজনীয় লজিস্টিকস সরবরাহ । | প্রয়োজনীয় লজিস্টিকস সরবরাহের বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। | ➤ কেন্দ্রীয় পণ্যাগার, আঞ্চলিক পণ্যাগার, জেলা সংরক্ষিত পণ্যাগারসমূহে সেবা ও প্রচার সপ্তাহ সংক্রান্ত চাহিদা অনুযায়ী প্রয়োজনীয় লজিস্টিকস/মালামাল দ্রুত সরবরাহ প্রদান নিশ্চিত করবে। | উপকরণ ও সরবরাহ ইউনিট, কেন্দ্রীয়/ আঞ্চলিক পণ্যাগার, |
| ৩. | আইইসি ম্যাটেরিয়াল এর যথাযথ ব্যবহার। | আইইসি ম্যাটেরিয়াল এর যথাযথ ব্যবহার নিয়ে উন্মুক্ত আলোচনা করা হয়। | ➤ সেবা ও প্রচার সপ্তাহকে আকর্ষণীয় ও জনগণের মাঝে গ্রহণযোগ্য করে তোলার জন্য আইইএম ইউনিট প্রচার সামগ্রী (পোস্টার, লিফলেট, ফোল্ডার) প্রস্তুত ও বিতরণের ব্যবস্থা গ্রহণ করবে। সরবরাহকৃত পোস্টার, লিফলেট, ফোল্ডার ও অন্যান্য প্রচার সামগ্রী বিভিন্ন স্তরের সেবা কেন্দ্রে বিতরণ ও প্রদর্শনের ব্যবস্থা নিশ্চিত করতে হবে।<br>➤ আইইএম ইউনিট হতে সরবারহকৃত পরিবার কল্যাণ সেবা ও প্রচার সপ্তাহের প্রতিপাদ্য সম্বলিত ব্যানারের নমুনা অনুযায়ী ব্যানার তৈরি করতে হবে এবং সকল সেবা কেন্দ্রের দর্শনীয় স্থানে প্রদর্শনের ব্যবস্থা গ্রহণ করতে হবে। এছাড়াও স্থানীয় ইউনিয়ন পরিষদ, হাট-বাজার, রেল স্টেশন, বাস স্টপেজ, নদীবন্দরসহ যেখানে সাধারণত লোকসমাগম বেশি হয় সেখানে ব্যানার প্রদর্শনের ব্যবস্থা গ্রহণ করবেন। | আইইএম ইউনিট এবং সংশ্লিষ্ট বিভাগ/ জেলা /উপজেলা |
| ৪. | কোভিড-১৯ পরিস্থিতিতে অব্যাহত সেবাদান। | যথাযথ স্বাস্থ্যবিধি মেনে সেবাদান এবং এ বিষয়ে ব্যাপক প্রচারণার বিষয়ে আলোচনা হয়। | ➤ কোভিডকালে স্বাস্থ্যবিধি সম্পর্কিত নির্দেশনা ও "No mask no service" বিষয়টি পোস্টার ও লিফলেটে অন্তর্ভুক্ত করে প্রদর্শন করতে হবে।<br>➤ স্বাস্থ্যবিধি মেনে চলা ও আবশ্যিকভাবে মাস্ক পরিধান বিষয়ে সেবা গ্রহীতাদের উদ্বুদ্ধ করতে হবে।<br>➤ এ বিষয়ে উপযুক্ত কাউন্সেলিং করতে হবে।<br>➤ সেবাপ্রদানকারী ও সেবাগ্রহণকারীদের স্বাস্থ্য সুরক্ষা নিশ্চিত করতে হবে। | সংশ্লিষ্ট সকল |
| ৫. | বিভাগ ও জেলা পর্যায়ে এ্যাডভোকেসি সভা ও প্রেস ব্রিফিং এবং উপজেলা পর্যায়ে এ্যাডভোকেসি সভা আয়োজন। | বিভাগ ও জেলা পর্যায়ে এ্যাডভোকেসি সভা ও প্রেস ব্রিফিং এবং উপজেলা পর্যায়ে এ্যাডভোকেসি সভা আয়োজন নিয়ে বিস্তারিত আলোচনা হয়। | ➤ বিভাগীয়/জেলা পর্যায়ে প্রিন্ট ও ইলেট্রনিক মিডিয়ার প্রতিনিধি (বিটিভি ও বেসরকারি টিভি চ্যানেল, লোকাল ক্যাবল চ্যানেল, এফ এম ও কমিউনিটি রেডিও এবং জাতীয় ও স্থানীয় পত্রিকার প্রতিনিধি) ও স্থানীয় জনপ্রতিনিধিগণের উপস্থিতিতে এ্যাডভোকেসি সভা এবং প্রয়োজনে পৃথকভাবে প্রেস ব্রিফিং'র আয়োজন করতে হবে যেখানে বিভাগীয় পরিচালক, জেলা প্রশাসক, সিভিলসার্জন, উপপরিচালক (এফপি), সহ:পরিচালক (এফপি/সিসি), মেডিকেল অফিসার (সিসি/ক্লিনিক) ও বিভিন্ন দপ্তরের সরকারী কর্মকর্তাগণ উপস্থিত থাকবেন। | সংশ্লিষ্ট বিভাগ/ জেলা/উপজেলা |
| ৬. | সপ্তাহের প্রথম দিন হতে পরিবার পরিকল্পনার দীর্ঘমেয়াদী ও স্থায়ী পদ্ধতির বিশেষ ক্যাম্পের আয়োজন। | পরিবার পরিকল্পনার দীর্ঘমেয়াদী ও স্থায়ী পদ্ধতির বিশেষ ক্যাম্পের আয়োজনের গুরুত্ব ও কর্মপন্থা নিয়ে উন্মুক্ত আলোচনা হয়। | ➤ ৬-৮ ডিসেম্বর, ২০২০ খ্রিঃ সেবা ও প্রচার সপ্তাহ চলাকালীন সময়ে প্রতিদিন বিভাগ, জেলা, উপজেলা ও ইউনিয়ন পর্যায়ে পরিবার পরিকল্পনার দীর্ঘ মেয়াদী ও স্থায়ী পদ্ধতির বিশেষ ক্যাম্পের আয়োজন করতে হবে। এছাড়াও এসময় প্রাতিষ্ঠানিক ডেলিভারী বৃদ্ধি ও প্রসব পরবর্তী পদ্ধতি গ্রহীতার সংখ্যা বৃদ্ধিকল্পে বিশেষ উদ্যোগ গ্রহণ করতে হবে। সেবা প্রদানের ক্ষেত্রে গুণগত বিষয়টি নিশ্চিত করার জন্য উপযুক্ত কাউন্সেলিং করতে হবে।<br>➤ সেবা প্রদানের ক্ষেত্রে স্বাস্থ্যবিধি মেনে গুনগত সেবা প্রদানের বিষয়টি নিশ্চিত করতে হবে এবং উপযুক্ত কাউন্সেলিং করতে হবে। স্বাস্থ্যবিধি সম্পর্কে প্রতিটি | সিসিএসডি এফএসডি/ এমসিএইচ/ এমআইএস ইউনিট/কেন্দ্রীয়/ আঞ্চলিক পণ্যাগার এবং সংশ্লিষ্ট বিভাগ/ জেলা/উপজেলা |

| ক্রঃ নং | বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| | | | কেন্দ্রে সুস্পষ্ট নির্দেশনা থাকতে হবে এবং কোভিড-১৯ মুক্ত থাকতে প্রয়োজনীয় ব্যবস্থা (সাবান, পানি, মাস্ক. স্যানিটাইজার) রাখতে হবে।<br>➢ পরিবার পরিকল্পনা সেবার ক্ষেত্রে যেসকল স্থানে সেবাদানকারীর স্বল্পতা রয়েছে সেখানে আঞ্চলিক সুপারভাইজারগণ (এফপিসিএস-কিউআইটি) ও ডিস্ট্রিক্ট কনসালট্যান্টগণ বিভাগীয় পরিচালক (পরিবার পরিকল্পনা) ও উপ-পরিচালক (পরিবার পরিকল্পনা) এর সাথে আলোচানাক্রমে প্রয়োজনীয় সংখ্যক অপারেটিং সার্জন টীম গঠন করবেন এবং নিজেরাও সার্জন হিসেবে এসকল টীমে যুক্ত হয়ে সরাসরি সেবা প্রদান ও সেবা কার্যক্রম তদারকি করবেন। মেরীষ্টোপস ক্লিনিক সোসাইটি কর্তৃক পরিচালিত Roving Team এর সহায়তার প্রয়োজন হলে জেলা পরিবার পরিকল্পনা কার্যালয় পূর্ব থেকেই কর্মসূচি প্রণয়ন পূর্বক Roving Team কে অবহিত করবে।<br>➢ মাঠপর্যায়ের কর্মকর্তাগণ সেবা ও প্রচার সপ্তাহ সফলভাবে সংগঠনের উদ্দেশ্যে এতদ্‌সংক্রান্ত প্রয়োজনীয় ইমপ্রেস্ট ফান্ড, লজিস্টিক, এমএসআর এর চাহিদা পেশ করে অতিদ্রুত তা সংগ্রহ করার প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করবেন এবং বিভাগ ও জেলা পর্যায় থেকে সংশ্লিষ্ট সেবাদানকারীগণকে সেবা প্রদানের নির্দিষ্ট লক্ষ্যমাত্রা নির্ধারণ করে দিবেন।<br>➢ স্বাস্থ্য অধিদপ্তরের অধীন যেসব মেডিকেল কলেজ হাসপাতাল, জেলা হাসপাতাল ও উপজেলা হাসপাতালে প্রসব পরবর্তী দীর্ঘ মেয়াদী ও স্থায়ী পরিবার পরিকল্পনা পদ্ধতির সেবা চালু আছে ঐ সকল কেন্দ্রে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের ব্যবস্থাপকদের সাথে আলোচনা পূর্বক ক্লায়েন্ট রেফার করে সেবা গ্রহণকারীর সংখ্যা বৃদ্ধির উদ্যোগ নিবেন। | |
| ৭. | মাঠপর্যায়ের কার্যক্রম মুল্যায়ন। | পরিবার কল্যাণ সেবা ও প্রচার সপ্তাহের কার্যক্রম মূল্যায়ন বিষয়ে বিস্তারিত আলোচনা হয় । জাতীয় ও বিভাগীয় পর্যায়ে শ্রেষ্ঠ জেলা/সংস্থা নির্বাচনের লক্ষ্যে কমিটি গঠনের বিষয়ে আলোচনা হয়। | ➢ শ্রেষ্ঠ জেলা/সংস্থা নির্বাচনের জন্য নিম্নবর্ণিত কর্মকর্তাদের সমন্বয়ে কমিটি গঠন করা হলো:<br>১। পরিচালক ও লাইন ডাইরেক্টর (এমআইএস)-আহ্বায়ক<br>২।পরিচালক, পরিবার পরিকল্পনা, ঢাকা বিভাগ- সদস্য<br>৩। পরিচালক( অর্থ) ও লাইন ডাইরেক্টর( এফএসডি)-সদস্য<br>৪। ডাঃ মোঃ জয়নাল হক, প্রোগ্রাম ম্যানেজার, এএন্ডআরএইচ, এমসিএইচ সার্ভিসেস ইউনিট<br>৫। উপপরিচালক (এমপি), আইইএম ইউনিট-সদস্য সচিব | |

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় সকলের সুস্থতা কামনা করে এবং সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

02.12.2020

সাহান আরা বানু ,এনডিসি
মহাপরিচালক (গ্রেড-১)
পরিবার পরিকল্পনা অধিদপ্তর
ফোন: ০২-৫৫০১২৩৪১
ইমেইল: dg@dgfp.gov.bd

স্মারক: পপঅ/ আইইএম/সেবা ও প্রচার/২০২০/১০৬/২৬৩০(২২২০) তারিখঃ ০১/১২/২০২০ খি.

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরিত হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)।

১. চেয়ারম্যান, জেলা পরিষদ রাঙামাটি/খাগড়াছড়ি/বান্দরবান পার্বত্য জেলা।

২. অতিরিক্ত সচিব (প্রশাসন)/ অতিরিক্ত সচিব (জনসংখ্যা কার্যক্রম ও আইন),স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

৩. বিভাগীয় কমিশনার ----------------------------------------বিভাগ।

৪. যুগ্ম সচিব (প্রশাসন), স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

৫. পরিচালক/ লাইন ডাইরেক্টর(সকল)--------------------------------অত্র অধিদপ্তর।

৬. পরিচালক, পরিবার পরিকল্পনা-------------------------------------------------------------বিভাগ।

৭. মাননীয় মন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, স্বাপকম, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। [মাননীয় মন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য]

৮. জেলা পরিষদ চেয়ারম্যান-------------------------------------------জেলা।

৯. জেলা প্রশাসক,---------------------------------------------------জেলা।

১০. পরিচালক, এমসিএইচটিআই, আজিমপুর/ এমএফএসটিসি, মোহাম্মদপুর/ লালকুঠি মিরপুর ঢাকা।

১১. সিভিল সার্জন,-----------------------------------------------------জেলা।

১২. মাননীয় সচিব মহোদয়ের একান্ত সচিব, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

১৩. উপজেলা চেয়্যারম্যান------------------------------------উপজেলা-------------------------জেলা।

১৪. অতিরিক্ত পরিচালক (ড্রাগস এন্ড স্টোর), কেন্দ্রীয় পণ্যাগার, পরিবার পরিকল্পনা, মহাখালী, ঢাকা।

১৫. উপপরিচালক-------------------------------------------------------------------------------জেলা।

১৬. উপজেলা নির্বাহী অফিসার-------------------------------উপজেলা--------------------------জেলা।

১৭. আঞ্চলিক সুপারভাইজার, (এফপিসিএসটি-কিউআইটি,-----------------------------------অঞ্চল।

১৮. সহকারী পরিচালক (এফপি)/(সিসি)/ ডিস্ট্রিক্ট কনসালট্যান্ট ----------------------------------------জেলা।

১৯. উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা/-----------উপজেলা---------------জেলা।

২০. উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা/এমও(এমসিএইচ-এফপি)/এম ও (ক্লিনিক)--------------উপজেলা---------------জেলা।

২১. আঞ্চলিক সরবরাহ কর্মকর্তা, আঞ্চলিক পণ্যাগার, চট্রগ্রাম/ খুলনা/ বগুড়া।

২২. সরবরাহ কর্মকর্তা, জেলা সংরক্ষিত পণ্যাগার,---------------------------------------জেলা।

২৩. মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, অত্র অধিদপ্তর। [মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য]

২৪. অফিস কপি।

01.12.2020

ড. আশরাফুন্নেছা
পরিচালক (আইইএম) ও
লাইন ডাইরেক্টর
পরিবার পরিকল্পনা অধিদপ্তর।